

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা-০১
www.tmed.gov.bd

নং- ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০০৩.২১-৮৩

তারিখঃ ২৯ জ্যেষ্ঠ, ১৪২৯
১২ জুন, ২০২২

বিষয়ঃ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (টিএমইডি), শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার অডিট নিষ্পত্তির নিমিত্ত ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে এ বিভাগের আওতাধীন কারিগরি শিক্ষা অধিদপ্তর/আওতাধীন বিভিন্ন সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ১৪ (চৌদ্দ)টি অগ্রীম অনুচ্ছেদভুক্ত অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভা আহ্বানের জন্য দপ্তর/সংস্থা হতে টিএমইডি-তে অনুরোধ পত্র পাওয়া গেছে।


০২. সে লক্ষ্যে গত ১১ মে, ২০২২ খ্রি. তারিখের ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০০৩.২১-৬৮ নং স্মারকমূলে গত ৩০.০৫.২০২২ খ্রি. তারিখ সোমবার সকাল ১০:৩০ মিনিটে অতিরিক্ত সচিব (অডিট ও আইন) -এর সভাপতিত্বে এ বিভাগের পরিবহন পুল ভবনস্থ সভা কক্ষে (১০ম তলা; লিফটের-৯) এক ত্রি-পক্ষীয় সভা আহ্বান করা হয়। পরবর্তীতে শিক্ষা অডিট অধিদপ্তরের প্রতিনিধিদের বিভিন্ন ব্যবস্তার কারণে প্রতিনিধি প্রেরণ করতে পারবেন না মর্মে এ বিভাগের সিনিয়র সহকারী সচিব (অডিট)-কে টেলিফোনে জানানো হয়। ফলে সভাটি স্থগিত করা হয়।

০৩. এক্ষণে টিএমইডি'র আওতাধীন নিম্নোক্ত দপ্তর/সংস্থার অগ্রীম অনুচ্ছেদভুক্ত অডিট নিষ্পত্তির লক্ষ্যে **আগামী ২৮.০৬.২০২২ খ্রি. তারিখ মঙ্গলবার সকাল ১০:৩০ মি.** অতিরিক্ত সচিব (অডিট ও আইন) -এর সভাপতিত্বে এ বিভাগের পরিবহন পুল ভবনস্থ সভা কক্ষে (১০ম তলা; লিফটের-৯) এক ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

ক্রঃ নং	প্রতিষ্ঠানের নাম	অর্থ বছর	মোট আপত্তি	আপত্তির ধরণ
১.	গ্রাফিক আর্টস ইনস্টিটিউট, ঢাকা।	২০১০-২০১৩	০২ টি	অগ্রিম
২.	পাবনা পলিটেকনিক ইনস্টিটিউট, পাবনা।	২০১৮-২০১৯	০১ টি	অগ্রিম
৩.	রংপুর পলিটেকনিক ইনস্টিটিউট, রংপুর।	২০১১-২০১৪	০৬ টি	অগ্রিম
৪.	টাঙ্গাইল পলিটেকনিক ইনস্টিটিউট, টাঙ্গাইল	২০১০-২০১২	০১ টি	অগ্রিম
৫.	ঠাকুরগাঁও টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, ঠাকুরগাঁও	২০১৪-২০১৫	০২ টি	অগ্রিম
৬.	কক্সবাজার টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, কক্সবাজার	২০১৪-২০১৬	০২ টি	অগ্রিম
মোট আপত্তি			১৪ টি	অগ্রিম

০৪. উক্ত সভায় এ বিভাগের অধীনস্থ কারিগরি শিক্ষা অধিদপ্তরের উপরিউক্ত শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে উত্থাপিত অগ্রীম অনুচ্ছেদভুক্ত মোট ১৪ (চৌদ্দ)টি অগ্রীম নিষ্পত্তির লক্ষ্যে ব্রডশীট জবাবসমূহ (প্রমাণকসহ) আলোচনা করা হবে এবং ত্রি-পক্ষীয় সভার আলোচনা ও সিদ্ধান্তের আলোকে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। এ লক্ষ্যে সভার কার্যপত্র ইতোপূর্বে প্রেরণ করা হয়েছে।

০৫. এমতাবস্থায়, উপরিক্ত অগ্রীম অনুচ্ছেদভুক্ত অডিট আপত্তিগুলি নিষ্পত্তির লক্ষ্যে **নির্ধারিত তারিখ ও সময়ে নির্ধারিত স্থানে (২৮.০৬.২০২২ খ্রি. তারিখ মঙ্গলবার সকাল ১০:৩০ মি., পরিবহন পুল ভবনস্থ সভাকক্ষে)** উপযুক্ত প্রতিনিধি (সিদ্ধান্ত গ্রহণে সুবিধার্থে উপপরিচালক পর্যায়ের কর্মকর্তার নীচে নয়) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।


(মোঃ নুরুল ইসলাম শেখ)
সহকারী সচিব (অডিট)
ফোন: ০২-৯৫৭৪৮৯৯

Email: tmedaudit21@gmail.com

মহাপরিচালক
শিক্ষা অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স (৫ম তলা)
সেগুনবাগিচা, ঢাকা।

চলমান পাতা-০২

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো):

০১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।
০২. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩. কম্পোজার এন্ড অডিটর জেনারেল এর একান্ত সচিব, কম্পোজার এন্ড অডিটর জেনারেল অফিস, সেগুনবাগিচা, ঢাকা।
০৪. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫. অধ্যক্ষ,.....।
০৬. অতিরিক্ত সচিব (অডিট ও আইন) -এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৭. যুগ্মসচিব (অডিট ও আইন) -এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৮. উপসচিব (অডিট ও আইন) -এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৯. অফিস কপি।

